সংবাদ

তারিখ ... 15 JAN 2016 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ......

# শীঘ্রই শান্তিপূর্ণ সমাধান

## শিক্ষক নেতাদের আশাবাদ

নিজস্ব বার্তা পরিবেশক

অষ্টম বেতন কাঠামো ইস্যুতে শিক্ষকরদের ডাকা কর্মবিরতিতে চতুর্থ দিনের মতো অচলাবস্থা কাটাল দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়। গতকালও স্থবির ছিল জাতীয় বিশ্ববিদ্যালয় ছাড়া ৩৭ পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম। সেমিস্টার/কোর্স ফাইনাল ছাড়া কোন ধরনের পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। তবে শিক্ষামন্ত্রী ও আন্দোলনরত শিক্ষকরা শীঘ্রই সমস্যা সমাধানের আশাবাদ ব্যক্ত করেছেন।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'সমাজে শিক্ষকদের সম্মান সবার উপরে। সরকার শিক্ষকদের মান মর্যাদা সমুন্নত রাখতে অত্যন্ত আন্তরিক আমি আশাকরি সমস্যা দ্রুত সমাধান হবে।' শিক্ষক নেতারাও বলছেন, আশাকরি শীঘ্রই শান্তিপূর্ণ, মর্যাদাপূর্ণ এবং সম্মানজনক সমাধান হবে।

শিক্ষকদের কর্মবিরতির চতুর্থ দিন গতকাল নায়েমে কলেজ অধ্যাপকদের জন্য প্রণীত প্রশিক্ষণ ম্যানুয়ালের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের কথা বলেন। তিনি জানান, নতুন জাতীয় পে স্কেলে বেতন দ্বিগুণেরও বেশি বৃদ্ধি পেলেও সিলেকশন গ্রেড ও টাইমস্কেল ব্যবস্থা বিলোপ হওয়ায় উপরের ধাপে উন্নীত হওয়ার ইস্যুতে পাবলিক বিশ্ববিদ্যালয় ও বিসিএস শিক্ষকরা কর্মসূচি দিয়েছেন।

শিক্ষকদের প্রতি শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখার আহ্বান জানিয়ে মন্ত্রী বলেন, সিলেকশন গ্রেড ও টাইমস্কেল ব্যবস্থা বিলোপের ফলে বেতনস্কেলের উপরের ধাপে উন্নীত হওয়া সংক্রান্ত সমস্যা আলোচনার মাধ্যমে সমাধান করা যাবে।

নায়েমের মহাপরিচালক অধ্যাপক হামিদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষা সচিব সোহরাব হোসাইন এবং বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সচিব মঞ্জুর হোসেন উপস্থিত ছিলেন।

এদিকে শিক্ষকদের চলমান আন্দোলনে শিক্ষার্থীদের সেশনজটে পড়ার আশঙ্কা তৈরি হয়েছে। তবে শিক্ষার্থীদের ক্ষতি পুষিয়ে দেয়ার আশ্বাস দিয়েছেন বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি অধ্যাপক ড. ফরিদ উদ্দীন আহমেদ। গতকাল সকালে ঢাকা বিশ্বদ্যিালয়ের কলা ভবন সংলগ্ন বটতলায় সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, 'আমাদের কাছে চমৎকার আইডিয়া রয়েছে। আমরা তাদের ক্লাস এর ক্ষতি পুষিয়ে দেব।' চলমান সঙ্কটের একটি শান্তিপূর্ণ সমাধানেরও শান্তিপূর্ণ : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## শান্তিপূর্ণ : সমাধান

(১ম পৃষ্ঠার পর)

আশা প্রকাশ করেন তিনি।

শিক্ষাজীবনের ক্ষতি বিষয়ে অধ্যাপক ফরিদ উদ্দীন বলেন, 'আমরা এ ব্যাপারটা নিয়ে কনর্সান। আমাদের ছেলেমেয়েদের ক্ষতির সম্মুখীন করতে চাই না। শিক্ষা কার্যক্রম যাতে ব্যহত না হয় আমরা আমাদের ক্লাস রুমে ফেরত যেতে চাই। শিক্ষকরা অনেক কষ্ট করে সেশনজট দূর করেছে। আমরা চাই না আবার সেশনজট ফিরে আসুক। এজন্য আমরা দ্রুত সমাধান চাই। আন্দোলন চলবে কিনা প্রশ্ন করলে তিনি বলেন, 'আমাদের দাবি যৌক্তিক। আলোচনা-আন্দোলন এক সঙ্গে চলবে।'

অষ্টম বেতন কাঠামোতে শিক্ষকদের পদমর্যাদা, টাইম স্কেল ও সিলেকশন গ্রেড পুনর্বহালের দাবিতে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের ডাকে দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে ১১ জানুয়ারি থেকে কর্মবিরতি চলছে। কর্মবিরতির মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শুধু কোর্স ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। ক্লাস, মিডটার্ম পরীক্ষা ও সান্ধ্যকালীন কোর্সগুলো বন্ধ থাকছে। গত ২ জানুয়ারি অনির্দিষ্টকালের কর্মবিরতির ঘোষণা দেয় শিক্ষকরা।